

## প্রেস রিলিজ

ঢাকা, ০১ অক্টোবর, ২০২১

### ০১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।

০১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২১ যথাযথ মর্যাদার সাথে পালন করেছে সমাজসেবা অধিদপ্তর। এবারে দিবসটির প্রতিপাদ্য হচ্ছে- 'Digital Equity for All Ages' অর্থাৎ, 'ডিজিটাল সমতা সকল বয়সের প্রাপ্যতা'। দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পৃথক বানী দিয়েছেন।

০২. দিবস উপলক্ষে আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে জুম প্ল্যাটফর্মে এক পর্যালোচনা সভার আয়োজন করা হয়। পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশারাফ আলী খান খসরু এমপি ও সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব রাশেদ খান মেনন, এমপি এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. প্রাণ গোপাল দত্ত, এমপি (সাবেক উপাচার্য, বিএসএমএমইউ ও বিশেষজ্ঞ চিকিৎসক)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহফুজা আখতার। অনুষ্ঠানটি সমাজসেবা অধিদপ্তরের ফেসবুক পেজ (Department of Social Services) এ লাইভ সম্প্রচার হয়।

০৩. সকাল ১১:০০ টায় অতিথিবৃন্দ ভারুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ার মধ্যদিয়ে প্রবীণ দিবসের কার্যক্রম শুরু হয়। সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক শেখ রফিকুল ইসলাম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সম্মানিত অতিথি ডা. প্রাণ গোপাল দত্ত, এমপি (সাবেক উপাচার্য, বিএসএমএমইউ ও বিশেষজ্ঞ চিকিৎসক)।

০৪. বিশেষ অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশারাফ আলী খান খসরু এমপি বলেন, 'প্রবীণ নাগরিকগণ দেশের সম্পদ। দেশের মোট জনগোষ্ঠীর এক বিশাল অংশ প্রবীণ। তাঁদেরকে বাদ দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প বাস্তবায়ন আদৌ সম্ভব নয়। প্রবীণ জনগোষ্ঠীর গুরুত্ব উপলব্ধি করে তাঁদের মানসম্মত জীবন-যাপন নিশ্চিত করার জন্য সরকার 'সামাজিক নিরাপত্তা বেটগী কার্যক্রম'এর আওতা বাড়িয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব রাশেদ খান মেনন, এমপি তাঁর বক্তব্যে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রবীণদের অবস্থার উন্নয়নের জন্য নানামুখী উদ্যোগ নিয়েছে'। সভাপতির বক্তব্য রাখেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহফুজা আখতার।

০৫. প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার গঠনের পর ১৯৯৬ সালে প্রথমবারের মত বয়স্ক জনগোষ্ঠীর জন্য ভাতা চালু করা হয়। বয়স্কভাতা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার আওতায় সরকার চলতি অর্থবছরে ৫৭ লক্ষ ১ হাজার বয়স্ক নারী ও পুরুষকে মাসিক ৫০০ টাকা করে প্রদানের জন্য ৩,৪৪৪ কোটি ৫৪ লক্ষ টাকা বরাদ্দ রেখেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতায় ২০২০-২০২১ অর্থবছরে দরিদ্রপ্রবণ ১১২টি উপজেলাকে শতভাগ বয়স্ক ভাতা কর্মসূচীর আওতায় আনা হয়েছে এবং ২০২১-২০২২ অর্থবছরে আরো ১৫০টি উপজেলাকে শতভাগ বয়স্ক ভাতার আওতায় আনা হচ্ছে।

০৬ দিবসটি উপলক্ষে দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। প্রবীণদের বিষয়ে সচেতনতা তৈরিতে বিশেষ পোস্টার ও লিফলেট ছাপানো হয়েছে। প্রচারণার জন্য পোস্টার ও লিফলেটসমূহ বিভাগ, জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া মোবাইলে ক্ষুদ্রে বার্তা প্রেরণ করা হয়েছে।

নিম্নলিখিত হারফের কার্যক্রম ২০১৫ সালের ১৫টি জাতীয় কর্মসূচির অধীনে

১০. জাতীয় কর্মসূচি: 'Digital Equity for All Ages' এর অধীনে

মোহাম্মদ রেজাউর রহমান

উপপরিচালক

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ

সমাজসেবা অধিদপ্তর

ই-মেইলঃ info@dss.gov.bd

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....  
.....

১১. জাতীয় কর্মসূচি: 'Digital Equity for All Ages' এর অধীনে

১২. জাতীয় কর্মসূচি: 'Digital Equity for All Ages' এর অধীনে

১৩. জাতীয় কর্মসূচি: 'Digital Equity for All Ages' এর অধীনে